

## সাংবাদিকদের গুলি করে মারার হুমকি: আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর তীব্র নিন্দা

কুমিল্লা শাখা ছাত্রলীগের দুই নেতার বিরুদ্ধে সাংবাদিকদের গুলি করে মারার হুমকি প্রদানের অভিযোগ উঠেছে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) ছাত্রনেতাদের এমন আপত্তিকর ও অগ্রহণযোগ্য মন্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ অনুযায়ী ১৯ জুলাই ২০১৯ রাতে কুমিল্লা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দুই নেতা যুগ্ম সাধারণ সম্পাদক শোয়েব হাসান ও সভাপতি মোঃ রায়হানের বিরুদ্ধে সাংবাদিকদের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। গণমাধ্যম থেকে আরও জানা যায়, দুই নেতার একজন সাংবাদিকদের দিকে তেড়ে গিয়ে বলেছেন 'গুলি করবো। বুলেট সাংবাদিক চেনেনা। সাংবাদিক পেলেই গুলি করে মারব।' শোয়েব হাসান ইতিমধ্যে রাগের মাথায় এ কথা বলেছেন বলে স্বীকার করেছেন।

আসক মনে করে, এ মন্তব্য গণমাধ্যমের স্বাধীনতা ও সাংবাদিকদের নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ। আসক ছাত্রনেতাদের এ ধরনের মন্তব্য ও আচরণে বিস্মিত এবং এমন মন্তব্য অন্যান্য নেতা-কর্মীদের ভুল বার্তা দিচ্ছে বলে মনে করছে। এমন মন্তব্যের জন্য তাদের অতি দ্রুত সাংবাদিকদের কাছে ক্ষমা চাওয়া উচিত। পাশাপাশি তাদের বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য আসক আহ্বান জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC  
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187  
Email: ask@citechco.net, Website: www.askbd.org